

**ভর্তি ও নিশ্চায়ন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**  
**(সংশোধিত)**

**(ক) শিক্ষার্থীদের জন্য:**

- ১। ভর্তির জন্য নির্বাচিত হয়েও যেসব শিক্ষার্থী বোর্ডের রেজিস্ট্রেশন ফি ১৮৫/- টাকা টেলিটক/রকেট/শিওরক্যাশ এর মাধ্যমে জমা দেয় নাই (Not Confirmed) তারা আগামী ০৪-০৭-২০১৭ তারিখ দুপুর ১ঃ ০০ (এক) টার মধ্যে অন-লাইনে উক্ত ফি জমা দিয়ে নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।
- ২। যেসব শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়ে ইতোমধ্যে বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়েছে তাদেরকে ০৪-০৭-২০১৭ তারিখের মধ্যে প্রতিষ্ঠান চলাকালীন সময়ে নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
- ৩। যেসব শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়েও বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিবে না অথবা যারা উক্ত ফি জমা দিয়েও প্রতিষ্ঠানে ভর্তি হবে না তাদের Selection ও প্রাথমিক নিশ্চায়ন আগামী ০৪-০৭-২০১৭ তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ৪। আগামী ০৪-০৭-২০১৭ তারিখে ভর্তি শেষ হওয়ার পর ০৫-০৭-২০১৭ তারিখে শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য আসন অন-লাইনে দেখানো হবে।
- ৫। যেসব শিক্ষার্থী আবেদন করার পরও কোন প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত হতে পারেনি অথবা যেসব শিক্ষার্থী ইতোপূর্বে ভর্তির জন্য আবেদন করে নাই অথবা আবেদন করে নির্বাচিত হওয়ার পর বোর্ডের রেজিস্ট্রেশন ফি ১৮৫/- টাকা জমা দেয় নাই অথবা নির্বাচিত হওয়ার পর ১৮৫/- টাকা জমা দিয়েছে কিন্তু প্রতিষ্ঠানে ভর্তির চূড়ান্ত কার্যক্রম সম্পন্ন করবে না অর্থাৎ ভর্তি হবে না- তাদের পুণরায় অন-লাইনে আবেদন করার বিষয়ে পরবর্তীতে বিস্তারিত জানানো হবে।

**(খ) শিক্ষা প্রতিষ্ঠানের জন্য:**

- ১। ভর্তির জন্য নির্বাচিত যেসব শিক্ষার্থী বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা অন-লাইনে জমা দিয়ে নির্বাচিত প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে- তাদেরকে প্রতিষ্ঠান কর্তৃক ০৪-০৭-২০১৭ তারিখে মধ্যে অবশ্যই অন-লাইনে চূড়ান্ত নিশ্চায়ন করতে হবে। চূড়ান্ত নিশ্চায়ন না করলে শিক্ষার্থীর Selection, প্রাথমিক নিশ্চায়ন এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে।



(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)  
সভাপতি, আস্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি  
ও  
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।